

Subject:PLSA Sem:3rd Course:CC3-7.

TOPIC: সন্ত্রাসবাদ

Teacher:Apurba Mohan Mukhopadhyay

সাম্প্রতিককালে সমগ্র বিশ্বের এক জটিল সমস্যা হল সন্ত্রাসবাদ। সন্ত্রাসবাদের সমস্যা আন্তর্জাতিক রাজনীতির এক গুরুত্বপূর্ণ আলোচ্য বিষয়। Penguin Dictionary of International Relation এ সন্ত্রাসবাদের সংজ্ঞা অনুযায়ী The use or treated use of violence on a systematic basis to achieve political objective. সন্ত্রাসবাদ হল একটি হিংসাত্মক পদ্ধতি যা সংকীর্ণ রাজনৈতিক লক্ষ্য অর্জনের জন্য কোনো দেশের অন্তর্গত এক ক্ষুদ্র জনগোষ্ঠী ব্যবহার করে এবং যার পশ্চাতে বৃহত্তর সমাজের বা শাসকের সমর্থন থাকে না।

সন্ত্রাসবাদের স্বরূপ: ১) সন্ত্রাসবাদীরা গোপনে কাজ করে। তাই সন্ত্রাসবাদকে ষড়যন্ত্র মূলক কাজও বলা যেতে পারে। ২) সন্ত্রাসবাদের সাথে হিংসার সম্পর্ক আছে। ৩) সন্ত্রাসবাদ অপরাধমূলক কাজ। এতে জীবন ও সম্পত্তির হানি ঘটে।

সন্ত্রাসবাদের বিভিন্ন রূপ: ১) রাষ্ট্রীয় সন্ত্রাসবাদ ২) গোষ্ঠীগত সন্ত্রাসবাদ ৩) আন্তর্জাতিক সন্ত্রাসবাদ ৪) ধর্মীয় সন্ত্রাসবাদ। ৫) তথ্য প্রযুক্তিগত এবং তথ্য সঞ্চালন ব্যবস্থা সংক্রান্ত সন্ত্রাসবাদ।

সন্ত্রাসবাদের কারণ: সন্ত্রাসবাদের কারণ হিসেবে আপাত বঞ্চনাবোধ বা প্রকৃত বঞ্চনাবোধকে চিহ্নিত করা যেতে পারে। কোনো জনগোষ্ঠীর অসন্তোষ ও সংগঠিত হতাশা সন্ত্রাসবাদের রূপ নেয়। যখন কোনো জনগোষ্ঠীর প্রত্যাশিত দাবীর সম্প্রসারণ ঘটে কিন্তু দাবী পূরণের সামর্থ্য অপরিবর্তনীয় থাকে তখন সন্ত্রাসবাদ সৃষ্টি হয়। ঔপনিবেশিকতাবাদ , সাম্প্রদায়িকতাবাদ, জাতিবিদ্বেষ, অর্থনৈতিক শোষণ, মানবাধিকার লঙ্ঘন, কর্মসংস্থানের অভাব, নৈতিক অবক্ষয় সন্ত্রাসবাদের জন্য দায়ী।